# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৯ সেপ্টেম্বর, ২০০৫ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | **কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ**<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ হুমায়ূন কবীর রাজু, পিএসসি, জিডি(পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ আহসানুল হক মিয়া -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৫) জনাব মোঃ জিয়াউদ্দীন -- সদস্য
বিজ্ঞ ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক (অবঃ) সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ২৮ আগস্ট, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৮ আগস্ট, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ আগস্ট, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ ২০০৪-২০০৫ আর্থিক সালের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২০০৪-২০০৫ আর্থিক সালের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। উক্ত আয় ও ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে মহাপরিচালক, স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকা এর বরাবর প্রেরণ করা হোক।

**চলমান পাতা-২**

প্রস্তাব নং-৪ ঃ আগস্ট, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। ডিওএইচএস মহাখালী এলাকার বিভিন্ন রাস্তায় ছোট ছোট গর্তে এবং বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের পার্শ্বের খালি জায়গায় পানি জমে মশার জন্ম হচ্ছে। ডিওএইচএস বারিধারা এলাকার পশ্চিম পার্শ্বের নালাতেও পানি জমে মশার জন্ম হচ্ছে বিধায় এ ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ ক্যান্টনমেন্ট বোর্ডসমূহের জন্য ইংরেজিতে প্রণীত প্রচলিত আইনসমূহ বাংলায় ভাষান্তরকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের (১) ০৬ ফেব্রুয়ারি, ২০০৫ তারিখের ১বি-৮/২০০০/ডি-১৫/৪৬ নং পত্র (২) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রচলিত আইনসমূহ বাংলা ভাষায় ভাষান্তরের অগ্রগতি মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী পর্যালোচনার লক্ষ্যে যুগ্ম-সচিব (জেনাঃ) এর সভাপতিত্বে ১১ আগস্ট, ২০০২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এবং (৩) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১১ সেপ্টেম্বর, ২০০৫ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৯২-৩/১৬১ নং পত্রখানা সভায় উপস্থাপন করা হলো। উল্লেখ্য যে, ১০ (দশ) টি বইয়ের সর্বমোট ৭৯০ পৃষ্ঠা অনুবাদ করতে প্রতি পৃষ্ঠা ৪৮০/- (চারশত আশি) টাকা হিসেবে মোট ৩,৭৯,২০০/- (তিন লক্ষ উনআশি হাজার দুইশত) টাকা (কম/বেশী) ব্যয় হবে এবং উক্ত অর্থ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে অনুদান হিসেবে পাওয়া যাবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। বিষয়টি জরুরী বিধায় এর গুরুত্ব অনুধাবন করে নীতিগত অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সেনাপল্লী হাই স্কুল এবং আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর ক্যাম্পাসের মধ্যে ক্যান্টিন পরিচালনা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে তিন সদস্য বিশিষ্ট কমিটির প্রতিবেদনসহ খসড়া চুক্তিপত্র সভায় পেশ করা হলো। উল্লেখ্য যে, গত ২৮ আগস্ট, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচনান্তে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সেনাপল্লী হাই স্কুল ও আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর ক্যাম্পাসের মধ্যে ক্যান্টিন পরিচালনার নিমিত্তে প্রণীত নীতিমালা অনুমোদন করা হলো। তবে ক্যান্টিন দু'টি প্রকাশ্য ইজারা বিজ্ঞপ্তির মাধ্যমে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মসজিদ সংলগ্ন বোর্ডের নিজস্ব বাসায় বিনা ভাড়ায় এবং ক্যান্টনমেন্ট বোর্ডের গ্যারেজ সংলগ্ন বিভিন্ন বাসায় নামমাত্র/বিনা ভাড়ায় বসবাস প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট বাসস্থানগুলোতে বসবাসকারীদের তালিকা পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের বাসায় বসবাসকারীদের বরাদ্দকৃত বাসার ধরন অনুযায়ী ভাড়া নির্ধারণসহ সংশ্লিষ্টদের নিকট হতে বিধি মোতাবেক পানি, বিদুৎও গ্যাস বিল আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-৩

াব নং-৮ ঃ বীর শ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাংগীর এর ছোট ভাই জনাব মোঃ মঞ্জুর রহমান-কে রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান বরাদ্দ প্রদানের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস কর্তৃক ১৩ আগস্ট, ২০০৫ তারিখের ৩৯০১/২-বি/রজনীগন্ধা/ইউ/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। বর্তমানে রজনীগন্ধা সুপার মার্কেটে বরাদ্দযোগ্য কোন দোকান বা দোকানের খালি জায়গা না থাকায় ভবিষ্যতে বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ করা হলে আবেদনকারীকে সেখানে অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান করার জন্য খালি জায়গা বরাদ্দ চেয়ে জনাব মোঃ ইউনুছ আলী হাওলাদার, কেয়ার টেকার, ৬ নং শহীদ মঈনুল রোড, ঢাকা সেনানিবাস ০১ আগস্ট, ২০০৫ তারিখে অত্র দপ্তরে একখানা আবেদনপত্র পেশ করেছেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। বর্তমানে রজনীগন্ধা সুপার মার্কেটে বরাদ্দযোগ্য কোন দোকান বা দোকানের খালি জায়গা না থাকায় ভবিষ্যতে বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ করা হলে আবেদনকারীকে সেখানে অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান করার জন্য খালি জায়গা বরাদ্দ চেয়ে জনাব মোঃ রুহুল আমিন, পিতা-মৃত মোঃ আবু বকর মুন্সী, ১৬৬ ধামালকোট, ঢাকা সেনানিবাস অত্র দপ্তরে একখানা আবেদনপত্র পেশ করেছেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। বর্তমানে রজনীগন্ধা সুপার মার্কেটে বরাদ্দযোগ্য কোন দোকান বা দোকানের খালি জায়গা না থাকায় ভবিষ্যতে বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ করা হলে আবেদনকারীকে সেখানে অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদানের জন্য জনাব এহতেশাম আফজাল, সিনিয়র একজিকিউটিভ, সিরিয়াস ব্রডব্যান্ড (বিডি) লিঃ, ৩৪ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা ০৩ মার্চ, ২০০৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদন ও তৎসংযোজিত কাগজাদি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের জন্য প্রেরণ করা হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৫ আগস্ট, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৬৫/ক নং পত্রের মাধ্যমে ছাড়পত্র প্রদান করা হয়। সিরিয়াস ব্রডব্যান্ড (বিডি) লিঃ-কে ঢাকা সেনানিবাস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট কাগজাদি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাস এলাকায় এবং সেনানিবাসস্থ দপ্তরসমূহে ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করার পরামর্শ প্রদান করা হলো। বিষয়টি আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

**চলমান পাতা-৪**

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ২/সি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক (১) জনাব শহীদুল আনোয়ার ও (২) জনাব তহীদুল আনোয়ার ১১ জুলাই, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল (ডাঃ) মোঃ আবদুল আলী মিয়া, পিতা- মরহুম রহিম বকস খলিফা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৭ আগস্ট, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ২/সি নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল (ডাঃ) মোঃ আবদুল আলী মিয়া, পিতা- মরহুম রহিম বকস খলিফা এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৩ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৩/বি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক (১) জনাব শহীদুল আনোয়ার ও (২) জনাব তহীদুল আনোয়ার এর নিযুক্তীয় আম-মোক্তার জনাব মোতাহার হোসেন এর ২৭ জুলাই, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস নাজনিন নাহার, স্বামী- গোলাম রব্বানী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৩ সেপ্টেম্বর, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৩/বি নং ফ্ল্যাটটি মিসেস নাজনিন নাহার, স্বামী- গোলাম রব্বানী এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ১/সি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মিসেস প্রীতি করিম এর নিযুক্তীয় আম-মোক্তার ইঞ্জিনিয়ার মোঃ আজিজুর রহমান এর ১৫ মে, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা (১) মেজর রোকেয়া বেগম, স্বামী- জনাব মোঃ আক্তারুজ্জামান ও (২) জনাব মোঃ আক্তারুজ্জামান, পিতা- জনাব মোঃ রাজা মিয়া এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৩ সেপ্টেম্বর, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতাদ্বয়ের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ১/সি নং ফ্ল্যাটটি (১) মেজর রোকেয়া বেগম, স্বামী- জনাব মোঃ আক্তারুজ্জামান ও (২) জনাব মোঃ আক্তারুজ্জামান, পিতা- জনাব মোঃ রাজা মিয়া এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

চলমান পাতা-৫

স্তাব নং-১৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৪০১ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক জনাব সৈয়দ শফিউর রশিদ এর ৩০ জুন, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা ব্রিগেডিয়ার জেনারেল খিজির মোহাম্মদ দিদারুল আলম (অবঃ), পিতা- মৃত মোহাম্মদ সৈয়দ আলম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৭ আগস্ট, ২০০৫ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫/ক নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৪০১ নং ফ্ল্যাটটি ব্রিগেডিয়ার জেনারেল খিজির মোহাম্মদ দিদারুল আলম (অবঃ), পিতা- মৃত মোহাম্মদ সৈয়দ আলম এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

স্তাব নং-১৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৩০৩ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে (১) জনাব মোঃ হাফিজ উদ্দিন, পিতা- মরহুম মোঃ আছর আলী (২) মিসেস রফিকুন নেছা, স্বামী- জনাব মোঃ হাফিজ উদ্দিন এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১১ জুন, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৩/বি/ফ্ল্যাট নং-৩০৩/৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীদ্বয়ের নামে নামজারীর ব্যাপারে তার ০৩ আগস্ট, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৩০৩ নং ফ্ল্যাটটি (১) জনাব মোঃ হাফিজ উদ্দিন, পিতা- মরহুম মোঃ আছর আলী (২) মিসেস রফিকুন নেছা, স্বামী- জনাব মোঃ হাফিজ উদ্দিন এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

স্তাব নং-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিএএফ ও নেভী কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ম-৪৫২০ এবং ঢাকা-মেট্রো-ন-৮৩৯৪ এ নং ট্রাক ০২(দুই)টির বডি মেরামত, ফ্লোরে সিআই শীট লাগানো এবং রংকরণের জন্য দরপত্র আহ্বান করা হলে ০৭ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে গাজী এন্ড ব্রাদার্স, ১৮৬ ধামালকোট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৪৭,৯০০/- (সাতচল্লিশ হাজার নয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

হীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিএএফ ও নেভী কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ম-৪৫২০ এবং ঢাকা-মেট্রো-ন-৮৩৯৪ নং ট্রাক ০২(দুই)টির বডি মেরামত, ফ্লোরে সিআই শীট লাগানো এবং রংকরণের জন্য ৪৭,৯০০/- (সাতচল্লিশ হাজার নয়শত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। বিএএফ ও নেভী কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৬

প্রস্তাব নং-১৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ২০৩ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব এস এম নিজামুর রহমান, পিতা- মরহুম মোঃ আব্দুল জব্বার এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৪ মে, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৩/বি/ফ্ল্যাট নং-২০৩/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তার ০৩ আগস্ট, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ২০৩ নং ফ্ল্যাটটি জনাব এস এম নিজামুর রহমান, পিতা- মরহুম মোঃ আব্দুল জব্বার এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৫৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ডাঃ জাহাঙ্গীর কবির, পিতা- মরহুম আনোয়ারুল হক এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৮ আগস্ট, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৫৪/৬৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্লট ও প্লটে নির্মিত বাড়ী হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তার ১৮ আগস্ট, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ডাঃ জাহাঙ্গীর কবির, পিতা- মরহুম আনোয়ারুল হক এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস নার্সারীর জন্য ৩৫ (পঁয়ত্রিশ) ট্রাক মাটি সরবরাহের নিমিত্তে গত ০৪ আগস্ট, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ১৫ আগস্ট, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স একটিভ এন্টারপ্রাইজ, বাড়ী # ১৯, এভিনিউ # ২, ব্লক # ডি-১২, পল্লবী, মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক ১,৪০০/- টাকা হিসেবে ৩৫ (পঁয়ত্রিশ) ট্রাক মাটির জন্য ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস নার্সারীর জন্য ৩৫ (পঁয়ত্রিশ) ট্রাক মাটি সরবরাহের জন্য প্রতি ট্রাক ১,৪০০/- টাকা হিসেবে ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৭

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড এলাকায় রোপণের জন্য ১৩ (তের) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে গত ০৭ আগস্ট, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ১৮ আগস্ট, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৩,৬০০/- (তিন হাজার ছয়শত) টাকা হিসেবে ১৩ (তের) প্যাকেট বীজের জন্য ৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড এলাকায় রোপণের জন্য ১৩ (তের) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের জন্য প্রতি প্যাকেট ৩,৬০০/- (তিন হাজার ছয়শত) টাকা হিসেবে ৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২২ ঃ ঢাকা সেনানিবাসস্থ টেনিস কোর্ট হতে সিএমএইচ পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ৫৪ (চুয়ান্ন) প্যাকেট সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে গত ১৭ আগস্ট, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ২৯ আগস্ট, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৯০০/- (নয়শত) টাকা হিসেবে ৫৪ (চুয়ান্ন) প্যাকেট বীজের জন্য ৪৮,৬০০/- (আটচল্লিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ টেনিস কোর্ট হতে সিএমএইচ পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ৫৪ (চুয়ান্ন) প্যাকেট সালভিয়া ফুলের বীজ সরবরাহের জন্য প্রতি প্যাকেট ৯০০/- (নয়শত) টাকা হিসেবে ৪৮,৬০০/- (আটচল্লিশ হাজার ছয়শত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৩ ঃ ঢাকা সেনানিবাসস্থ আর্মি এমপি ইউনিট হতে ব্রডওয়ে বিল্ডিং পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১১ (এগার) প্যাকেট ডায়ান্থাস ফুলের বীজ সরবরাহের নিমিত্তে গত ২৪ আগস্ট, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৫ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা হিসেবে ১১ (এগার) প্যাকেট বীজের জন্য ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ আর্মি এমপি ইউনিট হতে ব্রডওয়ে বিল্ডিং পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১১ (এগার) প্যাকেট ডায়ান্থাস ফুলের বীজ সরবরাহের জন্য প্রতি প্যাকেট ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা হিসেবে ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৮

প্রস্তাব নং-২৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদরের সামনের আইল্যান্ডে রোপণের জন্য ৪০ (চল্লিশ) প্যাকেট পিটুনিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে গত ০১ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ১২ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ১,১০০/- (এক হাজার একশত) টাকা হিসেবে ৪০ (চল্লিশ) প্যাকেট বীজের জন্য ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদরের সামনের আইল্যান্ডে রোপণের জন্য ৪০ (চল্লিশ) প্যাকেট পিটুনিয়া ফুলের বীজ সরবরাহের জন্য প্রতি প্যাকেট ১,১০০/- (এক হাজার একশত) টাকা হিসেবে ৪৪,০০০/- (চুয়ালিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-১৩ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে ৫৪৬/১ নং প্লটের সামনে কার্পেটিং কাজ। | ৭৪,৫১৩/-টাকা | মেসার্স ইব্রাহিম ব্রাদার্স | ০৯.০০% উর্ধ্বে | ০৪.৭৬% উর্ধ্বে | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| (২) | মহাখালী ডিওএইচএস ৩৪ নং রোডের পানি নিষ্কাশনের জন্য ৫০৪ এর পূর্ব কর্ণার হতে পূর্বদিকে ৪৯২ নং প্লটের কর্ণার পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ২,৩০,০০০/-টাকা | মেসার্স লাকী ট্রেডার্স | ২০.০০% উর্ধ্বে | ২০.০০% উর্ধ্বে | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ০২(দুই) টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিং করা হয়েছে। উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বোর্ডসভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো এবং বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্রগ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোকঃ-

(১) ০৪.৭৬০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২) ২০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং ২৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মুল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|---|
| **সশস্ত্র বাহিনী দিবস, ২০০৫ ঃ** | | | | |
| ১। | ক) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এম পি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড; সাইন বোর্ড, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, বাসস্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,০৪,৫৩৩/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | খ) | ১৩ এম পি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আর আইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৯০,১১৫/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | গ) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জি আই পাইপের রেলিং, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী দেয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং করাসহ সাইন বোর্ড লিখার কাজ। | ১,৬৭,৯৫৯/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | ঘ) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড এয়ার হাউজের নিকটস্থ পার্ক, জি আই পাইপের রেলিং, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,১৭,৫৩৭/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | ঙ) | শহীদ মঈনুল রোডের আইল্যান্ড, পুরা আইল্যান্ড আস্তর, গাছের গোড়া, সাইন বোর্ড, বৈদুতিক পোল, সিগন্যাল বাতির পোল, আরপি চেকপোস্ট, শেল বক্স, স্পিড ব্রেকার, বেঞ্চ, গার্ডেন লাইট শেড ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৩৪,৯০৫/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | চ) | শিখা অনির্বানের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব ও ওভারহেড ওয়াটার ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামতসহ রং করণ। | ৯৬,৪১০/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | ছ) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, বৈদ্যুতিক পোল, ফুলের ড্রাম, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, সিগন্যাল বাতির পোল, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ গাছের গোড়া চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৯৯,৭০১/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | জ) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোডপর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, সিগন্যাল বাতির পোল, বিউটি স্পট, ট্রাফিক আইল্যান্ড ও ছাতা মেরামত, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৪৮,৬৯২/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | ঝ) | স্টাফ রোড হতে পূর্বদিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৬৫,৬২৮/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

চলমান পাতা-১০

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| | ঞ) স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, সিগন্যাল বাতির পোল, বিউটি স্পট, জি আই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৩৩,০৩৫/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | ট) সিএমএইচ হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত সাইন বোর্ড, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৮,৯০৬/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | ঠ) শহীদ সরণি ও স্বাধীনতা সরণিস্থ বিভিন্ন স্থানের ইলেকট্রিক বক্স সরবরাহ ও স্থাপন। | ৫৪,৭৫৭/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | ড) স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানীর রং ও থিনার ক্রয়। | ২,০০,০০০/-টাকা | অনুদান |
| | ঢ) স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজে লেবার চার্জ। | ৮০,০০০/-টাকা | অনুদান |
| | মোট = | ১২,৫২,১৭৮/-টাকা | |

**স্বাধীনতা সরণি ঃ**

| | | | |
|---|---|---|---|
| ২। | স্বাধীনতা সরণি মেরামত ও সীলকোটকরণ 'গ্রুপ-ক' | ৫,১০,১০০/-টাকা | অনুদান |
| | স্বাধীনতা সরণি মেরামত ও সীলকোটকরণ 'গ্রুপ-খ' | ৫,১০,১০০/-টাকা | অনুদান |
| | স্বাধীনতা সরণি মেরামত ও সীলকোটকরণ 'গ্রুপ-গ' | ৫,১০,১০০/-টাকা | অনুদান |
| | স্বাধীনতা সরণি মেরামত ও সীলকোটকরণ 'গ্রুপ-ঘ' | ৫,১০,১০০/-টাকা | অনুদান |
| | মোট= | ২০,৪০,৪০০/-টাকা | |

**মিরপুর ডিওএইচএস- দ্বিতীয় ধাপ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ৩। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৫৮৯ হতে পূর্ব দিকে প্লট নং-৬১৫ পর্যন্ত)। | ৪২,৩৬,৭২৭/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ৪। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (স্কুল কমপ্লেক্সের পশ্চিম কর্ণার হতে পূর্ব দিকে প্লট নং-৫৮৯ পর্যন্ত)। | ৩৯,৬৭,৩০৩/-টাকা | -ঐ- |
| ৫। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৩৯২ হতে প্লট নং-৪৪০ পর্যন্ত)। | ২৭,৯৮,৮৭৩/-টাকা | -ঐ- |
| ৬। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৪৭০ হতে প্লট নং-৬০৩ পর্যন্ত)। | ২৫,৫৪,৯৭৭/-টাকা | -ঐ- |
| ৭। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ। | ৩২,৯৮,০৫৭/-টাকা | -ঐ- |
| ৮। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-১২ এর প্লট নং-৫২৪ হতে ৭৩৭ পর্যন্ত)। | ২২,০৭,৯৩২/-টাকা | -ঐ- |
| ৯। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৪৯৬ হতে প্লট নং-৬২৮ পর্যন্ত)। | ১৬,১৭,৬৯৮/-টাকা | -ঐ- |

চলমান পাতা-১১

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| ১০। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৬৮২ হতে উত্তর দিকে প্লট নং-৭৬৩ পর্যন্ত)। | ৫,৪৭,৮৮৬/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১১। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-১৭ ও ১২ এর প্লট নং-৬১৭ হতে প্লট নং-৬৫৫ পর্যন্ত)। | ২২,৯১,৫৯৭/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১২। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩৪'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-২৬ ও ৩২ এর প্লট নং-৬৫৭ হতে প্লট নং-৬৯৭ পর্যন্ত)। | ২৬,১২,৬৭৫/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১৩। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৬২৮ হতে প্লট নং-৭৭৮ পর্যন্ত )। | ৯,৭১,৬৪৬/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১৪। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-১৮ ও ২৩ এর প্লট নং-৬৯৯ হতে প্লট নং-৭৩৭ পর্যন্ত)। | ১৯,৮০,৫৮৩/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১৫। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৪৫৮ হতে প্লট নং-৪৯১ পর্যন্ত লেক সংলগ্ন)। | ১২,৩৭,৮০৮/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১৬। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-৩১ এর প্লট নং-৫৯২ হতে প্লট নং-৬১৬ পর্যন্ত) | ২২,৮০,৮৪৭/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১৭। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-৩০ এর প্লট নং-৫২৬ হতে প্লট নং-৫৫৪ পর্যন্ত)। | ২৪,১৬,০১২/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ১৮। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ২০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-২৯ ও ২৮)। | ১৪,৩৫,৬৬৩/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| | মোট = | ৩,৬৪,৫৬,২৮৪/-টাকা | |

**বনানী ডিওএইচএস ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১৯। | বনানী ডিওএইচএস এর ১০৯ নং প্লটের সম্মুখে রাস্তা মেরামত ও ড্রেন নির্মাণ এবং প্লটের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়ালের উপর কাটা তারের বেড়া নির্মাণ। | ২,২৭,৪৩৭/-টাকা | অনুদান |
| ২০। | বনানী ডিওএইচএস এলাকার ৫ নং রোড মেরামতসহ কার্পেটিংকরণ। | ৫,৬৩,৯২২/-টাকা | অনুদান |

**মহাখালী ডিওএইচএস ঃ**

| | | | |
|---|---|---|---|
| ২১। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩৪ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ৩,৪৯,৩৫৫/-টাকা | অনুদান |
| ২২। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩২ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ১৩,৫০,০০০/-টাকা | অনুদান |
| ২৩। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩২ হতে ৩৪ এর সংযোগ সড়কের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ৩,৫০,০০০/-টাকা | অনুদান |

**বা[illegible]রা ডিওএইচএস ঃ**

| | | | |
|---|---|---|---|
| [illegible]। | বারিধারা ডিওএইচএস এর ১৩ নং লেন ও অনন্যা শপিং কমপ্লেক্স এর সম্মুখে ভারপোস্ট নির্মাণ। | ৬০,০০০/-টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড |

**অন্যান্যঃ**

| | | | |
|---|---|---|---|
| ২৫। | ঢাকা মহানগরীর সবুজায়ন ও সৌন্দর্যবর্ধন কাজের জন্য ৭ নং বিল্ডিং এর ছাদে ফাইভার শীটের শেড নির্মাণ। | ২,১২,০১০/-টাকা | অনুদান |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| ২৬। | স্বাধীনতা সরণিস্থ ২ নং বাংলোর সম্মুখের জলাবদ্ধতা দূরীকরণের জন্য স্বাধীনতা সরণির দক্ষিণ পার্শ্ব হতে উত্তর দিকে পুকুর পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ। | ১,৫০,০০০/-টাকা | অনুদান |
| ২৭। | শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের জন্য আদমজী কলেজের দক্ষিণ পার্শ্বস্থ বাউন্ডারী ওয়াল হতে পূর্বদিকে গলফ্ এর লেক পর্যন্ত পাকা ড্রেন এবং গলফ্ এর লেক হতে পূর্বদিকে বনানী ডিওএইচএস এর উত্তর পার্শ্ব দিয়ে রেল লাইন পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণের সংশোধিত মূল্যানুমান (এম ই এস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক)। | ৫৭,৬৬,২৩০.৯৪ টাকা | অনুদান |
| ২৮। | শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের জন্য শহীদ আনোয়ার গালস কলেজের পিছনের পুকুর হতে উত্তর দিকে আদমজী স্কুলের দক্ষিণ পার্শ্ব দিয়ে শহীদ সরনণি পর্যন্ত পাকা ড্রেন এবং শহীদ সরণি হতে পশ্চিম দিকে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ওয়াসার নিকট আরসিসি পাইপ পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণের সংশোধিত মূল্যানুমান (এম ই এস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক)। | ৫৩,৪৮,৬৭৭.২৭ টাকা | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্রমিক নং-১ হতে ২৮ পর্যন্ত উপস্থাপিত প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। তবে ক্রমিক নং-৩ হতে ১৮ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর দ্বিতীয় ধাপের রাস্তাসমূহ সলিং করার সময় উক্ত এলাকায় পানি, গ্যাস, বিদ্যুৎ, টেলিফোন ও স্যুয়ারেজ ইত্যাদি ইউটিলিটি সার্ভিস প্রদানকারী সংস্থার সাথে সমন্বয় করে কাজ করার পরামর্শ প্রদান করা হলো। এক্ষেত্রে রাস্তার পার্শ্বস্থ ড্রেনেজ নির্মাণের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৫(পনের) টি কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ জামানত ফেরতযোগ্য প্রকল্পসমূহের উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট কাজের গুণগতমান যাচাই-বাছাই করে সভায় উপস্থাপিত ১৫ (পনের)টি প্রকল্পের জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো (ক্রোড়পত্র-"ক" সংযুক্ত)।

প্রস্তাব নং-২৮ ঃ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বাড়ী নির্মাণের ০৭(সাত)টি নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উপস্থাপিত নকশাসমূহের তালিকা নিম্নে প্রদান করা হলো ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | শেখ হাসমত আলী | ৭২ | ক্যান্ট বাজার আবাসিক এলাকা | ছয়তলা |
| ২। | কমডোর হারুনুর রশিদ (অবঃ) | ৪৭ | বনানী ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ৩। | জনাব দেওয়ান ফরিদ উদ্দিন আহমেদ<br>ও<br>জনাব আ ম ফয়জুর রহমান | ৫০৩ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |

চলমান পাতা-১৩

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৪। | জনাব মোঃ মামুন আহমেদ<br>ও<br>জনাব মোঃ সানাওয়ার হোসেন | ৩২৭ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ৫। | লেঃ কর্ণেল মোহাম্মদ মুসলিম (অবঃ) | ৩৮২ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ৬। | লেঃ কর্ণেল গোলাম মর্তুজা খান | ১৪৮ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ৭। | লেঃ কর্ণেল শহীদ উদ্দিন আহমেদ | ৪৪৯/৪ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকায় একটি রিক্সা স্ট্যান্ড স্থাপনের সম্ভাব্যতা যাচাইকল্পে অত্র দপ্তরের ২৮ আগস্ট, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৪ এর সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির প্রতিবেদন অবলোকন ও অনুমোদনের নিমিত্তে সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে গঠিত কমিটির প্রস্তাব মতে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ধামালকোট অভিমুখী ১১ নং রোডের দক্ষিণ পার্শ্বের খালি জায়গায় রিক্সা স্ট্যান্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০ বিবিধ ১ ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে ০১ (এক)টি মাল্টিমিডিয়া পেন্টিয়াম-৪ কম্পিউটার ও ০১টি প্রিন্টার ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২৫ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে মেসার্স মনির এন্ড কোং, সিবি-১৫২, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত ৪৯,২৫০/- (উনপঞ্চাশ হাজার দুইশত পঞ্চাশ) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে ০১ (এক)টি মাল্টিমিডিয়া পেন্টিয়াম-৪ কম্পিউটার ও ০১টি প্রিন্টার ক্রয়ের জন্য ৪৯,২৫০/- (উনপঞ্চাশ হাজার দুইশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-১৪

১ বিবি[illegible] ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| [illegible] নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বনানী ডিওএইচএস এলাকায় কমিউনিটি সেন্টারের মাঠের পশ্চিম পার্শ্বে প্রাথমিক বিদ্যালয় ভবন পুনঃনির্মাণ। | ৬,১৫,৯৮২/-টাকা | |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-২ এর পশ্চিম মাথা হতে রোড নং-৩ এর পশ্চিম মাথা পর্যন্ত ফুটপাত নির্মাণ। | ১,০৮,৬৩১/-টাকা | |
| (৩) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বের রোড মেরামত কাজ। | ২০,৯৩২/-টাকা | |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে উপস্থাপিত প্রকল্পের মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। তবে ক্রমিক নং-১ এ বর্ণিত প্রকল্পটি সেক্রেটারী, ডিওএইচএস বনানী পরিষদ উপস্থাপিত মূল্যানুমানের অর্ধেক মূল্যে সম্পাদন করার প্রস্তাব করায় তা তাঁর মাধ্যমে বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। এ ক্ষেত্রে বিদ্যালয় ভবন ছাড়া অন্য কোন কাজ করা যাবে না। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

৩০ বিবিধ ৩ ঃ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বাড়ী নির্মাণের ০৫ (পাঁচ)টি নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উপস্থাপিত নকশাসমূহের তালিকা নিম্নে প্রদান করা হলো ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ক্যাপ্টেন আব্দুল মোতালেব, বিএন | ৪৬৪ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা |
| (২) | বেগম জরনীগার চৌধুরী | ৩২০ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৫ (পাঁচ) তলা |
| (৩) | ব্রিগেডিয়ার জেনারেল মুজিবুর রহমান, বিবি, এ এফ ডব্লিউ, সি, পিএসসি | ৪০৮/৭ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা |
| (৪) | ব্রিগেডিয়ার জেনারেল নাজমুল হুদা | ২২৮ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা |
| [illegible] | মেজর লিয়াকত আলী খান (অবঃ) | ১৯৩ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**চলমান পাতা-১৫**

৩০ বিবিধ ৪ ঃ আন্তর্জাতিক বাজারে জ্বালানী তেলের দাম বৃদ্ধি পাওয়ার প্রেক্ষাপটে বাংলাদেশেও জ্বালানী তেলের দাম বৃদ্ধি পেয়েছে। ফলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের গাড়ী চালানোর জন্য জ্বালানী তেলের খাতে ব্যয় অনেকগুণে বেড়ে গিয়েছে। এ প্রেক্ষিতে অত্র দপ্তরের সকল গাড়ীকে সি এন জি-তে রুপান্তর করার লক্ষ্যে " নাভানা সি এন জি লিঃ" এর নিকট মূল্যানুমান চাওয়া হলে উক্ত সংস্থা হতে নিম্নেবর্ণিতভাবে মূল্যানুমান প্রদান করা হয় ঃ-

| ক্রমিক নং | গাড়ী নং | মডেল এবং ইঞ্জিনের বিবরণ | গাড়ীর সংখ্যা | মূল্যানুমান |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা মেট্রো-ক-০৩-৬৪৪০ | নিশান সানি, পেট্রোল চালিত ৪ সিলিন্ডার ইঞ্জিন, ১০০০ সিসি | ০১ টি | ৪২৫৩২.০০ |
| ২। | ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০ | টয়োটা লাইটেস (নোয়াহ) মাইক্রোবাস পেট্রোল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন ২০০০ সিসি। | ০১ টি | ৫৩২৯৫.০০ |
| ৩। | ঢাকা মেট্রো-ঠ-১১-১০৪ | মিৎসুবিশি, এল-২০০ (পিকআপ) পেট্রোল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন ১৬০০ সিসি। | ০১ টি | ৫৩২৯৫.০০ |
| ৪। | ঢাকা মেট্রো-ঠ-৭১-০৫২ | ইসুজু, মাইক্রোবাস (এ্যাম্বুলেন্স) পেট্রোল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন ২০০০ সিসি। | ০১ টি | ৪২৫৩২.০০ |
| ৫। | ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ | টাটা, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৬ সিলিন্ডার ইঞ্জিন ৬০৮ লাইনার। | ০১ টি | ১৮৩৩৯৭.০০ |
| ৬। | ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২ | টাটা, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন ৬০৯ লাইনার। | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| ৭। | ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ | টাটা, ২.৫ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন ৫০৭ লাইনার। | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| ৮। | পানি বাহিত গাড়ী (বাউজার) | টাটা, ৫ টনী ট্রাক ডিজেল চালিত, ৬ সিলিন্ডার ইঞ্জিন ১৫১০ লাইনার। | ০১ টি | ১৮৩৩৯৭.০০ |
| ৯। | ঢাকা মেট্রো-অ-১১-১১২৭ | ইসুজু এনকেআর, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন রোটার পাম্প ৪বি১। | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| ১০। | ঢাকা মেট্রো-অ-১১-১২৬৯ | ইসুজু এনকেআর, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন রোটার পাম্প ৪বি১। | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| ১১। | ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬ | ইসুজু এনকেআর, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন রোটার পাম্প ৪বি১। | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| ১২। | ঢাকা মেট্রো-ন-৮৩৯৪ | ইসুজু এনকেআর, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন রোটার পাম্প ৪বি১। | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| ১৩। | ঢাকা মেট্রো-ন-৪৫২০ | ইসুজু জার্নি, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| ১৪। | ঢাকা মেট্রো-ন-৭৭৩৭ | মিৎসুবিশি, ৩ টনী ট্রাক ডিজেল চালিত, ৪ সিলিন্ডার ইঞ্জিন ১৬০০ সিসি। | ০১ টি | ১৭৪৫১৫.০০ |
| | | | সর্বমোট | ১৯,৫৪,৫৬৮.০০ |

চলমান পাতা-১৬

উক্ত ১৯,৫৪,৫৬৮.০০ (উনিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত আটষট্টি) টাকা ব্যয়ে সকল গাড়ী সি এন জি-তে রূপান্তরের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উল্লেখ্য যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে বিশেষ অনুদান হিসেবে অর্থ প্রাপ্তি সাপেক্ষে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত গাড়ীগুলো সিএনজি-তে রূপান্তরের প্রস্তাব অনুমোদন করা হলো। এ ব্যাপারে আরো কয়েকটি কোম্পানী থেকে মূল্যানুমান গ্রহণ করে পর্যায়ক্রমে গাড়ীগুলো সিএনজি-তে রূপান্তরের কার্যকরী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০ বিবিধ ৫ ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৫ ডিসেম্বর, ১৯৯৮ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/শা-৫/১৬ নং পত্রের অনুমোদনক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদ সংলগ্ন ১৬(ষোল)টি দোকান ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনা হয়। উক্ত ১৬(ষোল)টি দোকানের বরাদ্দ মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বরাদ্দলাভকারীগণ দোকানের মেয়াদ পরবর্তী ১০(দশ) বছরের জন্য বর্ধিত করার জন্য ২৬ সেপ্টেম্বর, ২০০5 তারিখে আবেদন করেছেন। উক্ত দোকানের বরাদ্দ মেয়াদ পরবর্তী ১০(দশ) বছরের জন্য বর্ধিত করার এবং পুনঃবরাদ্দ ফি ধার্যের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদ সংলগ্ন ১৬(ষোল)টি দোকানের ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ হতে পরবর্তী ১০(দশ) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

৩০ বিবিধ ৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহে অডিটোরিয়াম নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহের মধ্যে কিছু কিছু বিদ্যালয়ের বয়স ৫০(পঞ্চাশ) বছর উত্তীর্ণ হলেও অদ্যাবধি কোন বিদ্যালয়েই অডিটোরিয়াম নেই। বর্তমান আর্থিক বছরেই ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মুসলিম মডার্ণ একাডেমীতে বা উপযুক্ত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে একটি অডিটোরিয়াম নির্মাণের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। আগামী বোর্ডসভায় একটি অডিটোরিয়াম নির্মাণের নকশা ও মূল্যানুমান উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।